রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৩ সনের ০৯ নং

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মার্চ ২, ২০২৩**

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৫৩—১৬৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬৯—১৮৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬৯—২০৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**মাঠ প্রশাসন-১ শাখা**

**পরিপত্র**

**তারিখ:** ১৯ অগ্রহায়ণ ১৪২৯/৪ ডিসেম্বর ২০২২

**নং ০৫.০০.০০০০.১৩৭.২২.০৩৫.২০-৩২০**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নম্বর আইন) এর ১১ নম্বর ধারা এবং Rules of Business, 1996 এর Rule 4 (ix) (a) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারীগণের সুষ্ঠুভাবে পদায়নের লক্ষ্যে, নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল:

**১.০ শিরোনাম ও প্রয়োগ:**

(ক) এই নীতিমালা “জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারী-গণের পদায়ন নীতিমালা, ২০২২” নামে অভিহিত হইবে;

(খ) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

**২.০ সংজ্ঞা:**

সরকারি চাকরি আইন, ২০১৮ এ উল্লিখিত সংজ্ঞা এবং বিএসআর ও অন্যান্য বিধানে উল্লিখিত সংজ্ঞা এই নীতিমালার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**৩.০ বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীগণের মাঠ প্রশাসনে পদায়ন:**

**৩.১ সহকারী কমিশনার পদে পদায়ন:**

৩.১.১ বিসিএস (প্রশাসন) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত অথবা যোগদানকারী সহকারী কমিশনার (শিক্ষানবিস)কে নিজ বিভাগ ব্যতীত অন্য যে কোনো বিভাগে পদায়ন করা যাইবে;

৩.১.২ বিশেষ ক্ষেত্র ব্যতীত শিক্ষানবিসকালে কোনো কর্মচারীকে আন্তঃবিভাগ বদলি করা যাইবে না। তবে একই বিভাগের অধীন অন্য জেলায় বদলি করিবার প্রয়োজন হইলে বিভাগীয় কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। আন্তঃবিভাগ বদলির ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এর সুপারিশের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করিবে;

৩.১.৩ সহকারী কমিশনার পদে একই কর্মস্থলে চাকরির মেয়াদ ৩ (তিন) বৎসর পূর্তিতে অন্য বিভাগ/জেলায় বদলি করা যাইবে।

**৩.২ সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়ন:**

৩.২.১ সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনা করা হইবে:

(ক) চাকরির মেয়াদ ৩ (তিন) বৎসর পূর্তি, নির্ধারিত প্রশিক্ষণ সমাপ্তকরণ ও চাকরি স্থায়ীকরণের পর যথাসম্ভব জ্যেষ্ঠতা অনুযায়ী বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী কমিশনারগণের মধ্য হইতে সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়নের জন্য ভূমি মন্ত্রণালয়ে ন্যস্ত করা হইবে;

(খ) সহকারী কমিশনার (ভূমি) এর কর্মকাল সাধারণত ২ (দুই) বৎসর হইবে;

(গ) সহকারী কমিশনার (ভূমি) পদে কোনো কর্মস্থলে ১ (এক) বৎসর কর্মকাল অতিবাহিত হইবার পর অন্য কর্মস্থলে বদলি করা যাইবে।

৩.২.২ সহকারী কমিশনার (ভূমি) হিসাবে প্রথম পদায়ন জেলা সদর ও মহানগর অধিভুক্ত এলাকার বাহিরে এই নীতিমালার পরিশিষ্টে উল্লিখিত ‘খ’ ও ‘গ’ শ্রেণির উপজেলায় হইবে;

৩.২.৩ সহকারী কমিশনার (ভূমি) পদে ১ (এক) বৎসর দায়িত্ব পালনের পর কর্মচারীগণের দক্ষতা, সততা, জনসেবা প্রদানের মানসিকতা ইত্যাদি যাচাইপূর্বক এই নীতিমালার পরিশিষ্টে উল্লিখিত ‘ক’ শ্রেণির উপজেলায়/রাজস্ব সার্কেলে পদায়ন করা যাইবে;

৩.২.৪ সহকারী কমিশনার (ভূমি) পদ হইতে প্রত্যাহারের পর সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার পদে বিভাগীয় কমিশনারের কার্যালয় অথবা জেলা প্রশাসকের কার্যালয়ে পরবর্তী পদায়নের জন্য কর্মচারীগণকে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ন্যস্ত করা যাইবে;

৩.২.৫ নিজ জেলা অথবা স্বামী/স্ত্রী’র জেলায় সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়ন করা যাইবে না।

**৩.৩ সিনিয়র সহকারী কমিশনার পদে পদায়ন:**

৩.৩.১ চাকরির মেয়াদ ৫ (পাঁচ) বৎসর পূর্তির পর সিনিয়র স্কেলে পদোন্নতিপ্রাপ্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীগণকে সিনিয়র সহকারী কমিশনার পদে পদায়ন করা যাইবে;

৩.৩.২ সিনিয়র সহকারী কমিশনার পদে একই কর্মস্থলে ৩ (তিন) বৎসর পূর্তিতে অন্য বিভাগ/জেলায় বদলি করা যাইবে;

৩.৩.৩ নিজ জেলা অথবা স্বামী/স্ত্রী’র জেলায় সিনিয়র সহকারী কমিশনার পদে পদায়ন করা যাইবে না।

**৩.৪ ল্যান্ড এ্যাকুইজিশন অফিসার/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/নেজারত ডেপুটি কালেক্টর/চার্জ অফিসার পদে পদায়ন:**

৩.৪.১ উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়নের পূর্বে বিসিএস (প্রশাসন) ক্যাডারের সিনিয়র স্কেলপ্রাপ্ত কর্মচারীগণের মধ্য হইতে ল্যান্ড এ্যাকুইজিশন অফিসার/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/নেজারত ডেপুটি কালেক্টর/চার্জ অফিসার পদে পদায়ন করা যাইবে। তবে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/রেভিনিউ ডেপুটি কালেক্টর/চার্জ অফিসার হিসাবে পদায়নের ক্ষেত্রে ভূমি ব্যবস্থাপনায় অভিজ্ঞতাসম্পন্ন কর্মচারীগণকে পদায়ন করিতে হইবে।

৩.৪.২ সহকারী কমিশনার (ভূমি) পদে কর্মরত ছিলেন এমন জেলায় পরবর্তীতে ল্যান্ড এ্যাকুইজিশন অফিসার/রেভিনিউ ডেপুটি কালেক্টর পদে পদায়ন করা যাইবে না;

৩.৪.৩ নিজ জেলা অথবা স্বামী/স্ত্রী’র জেলায় ল্যান্ড এ্যাকুইজিশন অফিসার/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/নেজারত ডেপুটি কালেক্টর/চার্জ অফিসার পদে পদায়ন করা যাইবে না।

**৩.৫ সচিব, জেলা পরিষদ/ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা/সমপর্যায়ের পদে পদায়নঃ**

৩.৫.১ বিসিএস (প্রশাসন) ক্যাডারের সিনিয়র স্কেলপ্রাপ্ত কর্মচারীগণের মধ্য হইতে সচিব, জেলা পরিষদ/ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা এবং সমপর্যায়ের পদে পদায়ন করা যাইবে;

৩.৫.২ বিশেষ প্রশাসনিক কারণ ব্যতীত সচিব, জেলা পরিষদ/ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা এবং সমপর্যায়ের পদে কর্মকাল সাধারণত ২ (দুই) বৎসর হইবে।

**৩.৬ উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়নঃ**

৩.৬.১ বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীগণের মধ্য হইতে উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়ন করা হইবে। উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হইবেঃ

৩.৬.২ উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়নের জন্য যোগ্য কর্মচারী বাছাইপূর্বক ফিট লিস্ট প্রণয়ন করা হইবে;

৩.৬.৩ ফিট লিস্ট প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলি অনুসরণ করিতে হইবেঃ

(ক) সিনিয়র স্কেল প্রাপ্তি ও ন্যূনতম ৬ (ছয়) বৎসর চাকরিকাল পূর্ণ হইতে হইবে;

(খ) সর্বশেষ ৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদন, সার্ভিস রেকর্ড ও শৃঙ্খলাজনিত প্রতিবেদন সন্তোষজনক হইতে হইবে। বিবেচনাধীন কর্মচারীগণের চাকরিকালের সততা ও সুনাম বিবেচনা করা হইবে;

(গ) বিবেচনাধীন কর্মচারীর ডোসিয়ারসহ বিবেচ্য ৫ (পাঁচ) বৎসরের গোপনীয় অনুবেদনের গড় নম্বর ন্যূনতম ৮৫% হইতে হইবে;

(ঘ) সহকারী কমিশনার (ভূমি) পদে কমপক্ষে ১ (এক) বৎসর চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে;

(ঙ) কর্মচারীগণ জ্যেষ্ঠতা অনুযায়ী বিবেচিত হইবেন;

(চ) সম্ভাব্য শূন্য পদের ভিত্তিতে ফিট লিস্ট প্রণয়ন করা হইবে;

৩.৬.৪ ফিট লিস্টভুক্ত কর্মচারীগণের মধ্য হইতে উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়ন করা হইবে;

৩.৬.৫ উপজেলা নির্বাহী অফিসারের কর্মকাল সাধারণত ২ (দুই) বৎসর হইবে। তবে বিশেষ প্রশাসনিক কারণ ব্যতীত এক বা একাধিক কর্মস্থলে কর্মকাল ৩ (তিন) বৎসর এর অধিক হইবে না এবং কোনো কর্মস্থল হইতে ১ (এক) বৎসরের পূর্বে বদলি করা যাইবে না;

৩.৬.৬ সহকারী কমিশনার (ভূমি) পদে কর্মরত ছিলেন এমন উপজেলায় পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়ন করা যাইবে না;

৩.৬.৭ নিজ জেলা অথবা স্বামী/স্ত্রীর' জেলায় উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়ন করা যাইবে না।

**৩.৭ অতিরিক্ত জেলা প্রশাসক পদে পদায়নঃ**

৩.৭.১ বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীগণের মধ্য হইতে অতিরিক্ত জেলা প্রশাসক পদে পদায়ন করা হইবে। অতিরিক্ত জেলা প্রশাসক পদে পদায়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হইবেঃ

৩.৭.২ অতিরিক্ত জেলা প্রশাসক পদে পদায়নের জন্য যোগ্য কর্মচারী বাছাইপূর্বক ফিট লিস্ট প্রণয়ন করা হইবে;

৩.৭.৩ ফিট লিস্ট প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করা হইবেঃ

(ক) উপজেলা নির্বাহী অফিসার পদে দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকিতে হইবে;

(খ) ন্যূনতম ৮ (আট) বৎসর চাকরিকাল পূর্ণ হইতে হইবে;

(গ) বিবেচনাধীন কর্মচারীর ডোসিয়ারসহ ৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদনের প্রাপ্ত গড় নম্বর ৮৫% হইতে হইবে;

(ঘ) কর্মচারীর শৃঙ্খলা বিষয়ক প্রতিবেদন সন্তোষজনক হইতে হইবে;

৩.৭.৪ ফিট লিস্টভুক্ত কর্মচারীগণের মধ্য হইতে অতিরিক্ত জেলা প্রশাসক পদে পদায়ন করা হইবে;

৩.৭৫ বিশেষ প্রশাসনিক কারণ ব্যতীত অতিরিক্ত জেলা প্রশাসকের কর্মকাল সাধারণত ২ (দুই) বৎসর হইবে;

৩.৭.৬ উপজেলা নির্বাহী অফিসার পদে কর্মরত ছিলেন এমন জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক পদে পদায়ন করা যাইবে না;

৩.৭.৭ নিজ জেলা অথবা স্বামী/স্ত্রী'র জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক পদে পদায়ন করা যাইবে না।

**৩.৮ উপপরিচালক, স্থানীয় সরকার/প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ/জোনাল সেটেলমেন্ট অফিসার/উপ-ভূমি সংস্কার কমিশনার/সমপর্যায়ের পদে পদায়নঃ**

৩.৮.১ মাঠ প্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন বিসিএস (প্রশাসন) ক্যাডারের উপসচিবগণের মধ্য হইতে উপপরিচালক, স্থানীয় সরকার/প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ/জোনাল সেটেলমেন্ট অফিসার/উপ-ভূমি সংস্কার কমিশনার/সমপর্যায়ের পদে পদায়ন করা হইবে;

৩.৮.২ বিশেষ প্রশাসনিক কারণ ব্যতীত উপপরিচালক, স্থানীয় সরকার/প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ/জোনাল সেটেলমেন্ট অফিসার/উপ-ভূমি সংস্কার কমিশনার/সমপর্যায়ের পদে কর্মকাল সাধারণত ২ (দুই) বৎসর হইবে।

**৩.৯ জেলা প্রশাসক পদে পদায়ন:**

৩.৯.১ বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীগণের মধ্য হইতে উপসচিব পদে পদোন্নতি প্রাপ্তির ১ (এক) বৎসর পর জেলা প্রশাসক পদে পদায়নের জন্য ফিট লিস্ট প্রণয়ন করা হইবে;

৩.৯.২ ফিট লিস্ট প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করিতে হইবে:

(ক) উপপরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসক/ সচিব, জেলা পরিষদ/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা এবং উপজেলা নির্বাহী অফিসার উভয় পদে মোট ন্যূনতম ২ (দুই) বৎসর চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে;

(খ) পূর্ববর্তী ৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদনের রেকর্ড এবং সমগ্র চাকরি জীবনের শৃঙ্খলা প্রতিবেদন সন্তোষজনক হইতে হইবে;

(গ) প্রকল্প ও ক্রয় ব্যবস্থাপনা সম্পর্কিত জ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কে সম্যক ধারণা, জাতীয় ও আন্তর্জাতিক বিষয় সম্পর্কে জ্ঞান এবং বাংলা ও ইংরেজি ভাষায় দক্ষতা থাকিতে হইবে;

(ঘ) ম্যাজিস্ট্রেসি ও ভূমি ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে;

৩.৯.৩ জেলা প্রশাসক পদের ফিট লিস্ট প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হইল:

| | | |
|---|---|---|
| (i) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সভাপতি |
| (ii) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| (iii) | সিনিয়র সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (iv) | সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| (v) | সিনিয়র সচিব/সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (vi) | সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি:

(i) কমিটি কর্তৃক প্রয়োজনবোধে অতিরিক্ত সচিব/যুগ্মসচিব এবং বিভাগীয় কমিশনারগণের সহায়তায় এক/একাধিক বোর্ড গঠনপূর্বক প্রার্থীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক দক্ষতা এবং বিষয়ভিত্তিক উপস্থাপনার দক্ষতা/পারদর্শিতা যাচাই;

(ii) সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ এবং সাক্ষাৎকার গ্রহণকালে কর্মচারীর মেধ, প্রজ্ঞা, ব্যক্তিত্ব, স্বাস্থ্য, আগ্রহ, ভাষাজ্ঞান, বাচনভঙ্গি, উপস্থাপনার পারদর্শিতা, দ্রুত সিদ্ধান্ত গ্রহণে সক্ষমতা এবং প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা যাচাইপূর্বক উপযুক্ত কর্মচারী নির্বাচন;

(iii) নির্ধারিত যোগ্যতা/মানদণ্ডের ভিত্তিতে জেলা প্রশাসক পদে পদায়নের জন্য উপযুক্ত কর্মচারীগণের ফিট লিস্ট প্রণয়ন;

৩.৯.৪ নিজ জেলা অথবা স্বামী/স্ত্রী'র জেলায় জেলা প্রশাসক পদে পদায়ন করা যাইবে না।

**৩.১০ পরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত বিভাগীয় কমিশনার/ সমপর্যায়ের পদে পদায়ন:**

৩.১০.১ মাঠ প্রশাসনে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন বিসিএস (প্রশাসন) ক্যাডারের যুগ্মসচিবগণের মধ্য হইতে পরিচালক, স্থানীয় সরকার পদে পদায়ন করা হইবে;

৩.১০.২ মাঠ প্রশাসনে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন বিসিএস (প্রশাসন) ক্যাডারের যুগ্মসচিব/উপসচিবগণের মধ্য হইতে অতিরিক্ত বিভাগীয় কমিশনার/সমপর্যায়ের পদে পদায়ন করা হইবে।

**৩.১১ বিভাগীয় কমিশনার পদে পদায়ন:**

৩.১১.১ বিসিএস (প্রশাসন) ক্যাডারের অতিরিক্ত সচিব/যুগ্মসচিবগণের মধ্য হইতে বিভাগীয় কমিশনার পদে পদায়ন করা হইবে;

৩.১১.২ বিভাগীয় কমিশনার পদে পদায়নের জন্য জেলা প্রশাসক পদে কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।

**৩.১২ জেলা ও উপজেলার শ্রেণি বিন্যস্তকরণ এবং পদায়ন:**

৩.১২.১ মাঠ প্রশাসনে পদায়নের ক্ষেত্রে দেশের জেলা ও উপজেলাসমূহকে অবকাঠামোগত অবস্থা, চিকিৎসা ও শিক্ষা সংক্রান্ত সুবিধাদি, যোগাযোগ ব্যবস্থা, রাজধানী/বিভাগ/জেলা শহর হইতে দূরত্ব ইত্যাদি বিবেচনায় তিনটি শ্রেণিতে ('ক', 'খ' এবং 'গ') বিন্যস্ত করা হইল (পরিশিষ্ট-ক এবং খ);

৩.১২.২ বিসিএস (প্রশাসন) ক্যাডারের মাঠ প্রশাসনের কর্মচারীগণকে নিম্নরূপ শ্রেণি অনুযায়ী জেলা/উপজেলায় পদায়ন করা হইবে:

| কর্মরত জেলা/উপজেলা | পরবর্তী পদায়ন |
|---|---|
| গ শ্রেণির জেলা/উপজেলায় কর্মরত থাকিলে | জেলা/উপজেলার শ্রেণি-ক, খ |
| খ শ্রেণির জেলা/উপজেলায় কর্মরত থাকিলে | জেলা/উপজেলার শ্রেণি-ক, গ |
| ক শ্রেণির জেলা/উপজেলায় কর্মরত থাকিলে | জেলা/উপজেলার শ্রেণি-খ, গ |

৩.১২.৩ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হইতে মাঠ প্রশাসনে পদায়নের ক্ষেত্রে যে কোনো শ্রেণির জেলা/উপজেলায় পদায়ন করা যাইবে;

৩.১২.৪ দক্ষতা ও কর্মতৎপরতার ভিত্তিতে ক, খ, গ শ্রেণিভুক্ত জেলা/ উপজেলায় পদায়ন করা যাইবে।

**৩.১৩ পাবত্য/নবসৃষ্ট/হাওর/দ্বীপ/চর/সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম উপজেলাসমূহে পদায়ন:**

৩.১৩.১ পাবত্য/নবসৃষ্ট/হাওর/দ্বীপ/চর/সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম (পরিশিষ্ট-গ) উপজেলাসমূহের শূন্যপদ অগ্রাধিকারভিত্তিতে পূরণ করিতে হইবে;

৩.১৩.২ পাবত্য/নবসৃষ্ট/হাওর/দ্বীপ/চর/সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম উপজেলাসমূহে পদায়নকৃত কর্মচারীগণের কর্মকাল সাধারণত ০১ (এক) বৎসর হইবে;

৩.১৩.৩ পাবত্য/নবসৃষ্ট/হাওর/দ্বীপ/চর/সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম উপজেলাসমূহে ০১ (এক) বৎসর কর্মকাল সম্পন্নকারী কর্মচারীকে তাঁহার সম্মতি ব্যতিরেকে পুনরায় একই শ্রেণির উপজেলায় পদায়ন করা যাইবে না।

**৪.০ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে পদায়ন:**

৪.১ মাঠ পর্যায়ে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর কর্ম অভিজ্ঞতা ব্যতীত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীগণকে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে পদায়ন করা যাইবে না। তবে প্রশাসনিক কারণে উক্ত সময়সীমা শিথিল করা যাইবে;

৪.২ বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীগণকে মাঠ প্রশাসন হইতে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে পদায়নের ক্ষেত্রে যথাসম্ভব ব্যাচভিত্তিক জ্যেষ্ঠতা বিবেচনা করিতে হইবে;

৪.৩ বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব/উপসচিব পদমর্যাদার কর্মচারীগণ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কর্মরত থাকিলে তাঁহাদিগকে মাঠ পর্যায়ের অভিজ্ঞতা অর্জনের জন্য যথাসম্ভব মাঠ প্রশাসনে পদায়ন করিতে হইবে;

৪.৪ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের পদসমূহে চাকরিকাল সাধারণত ৩ (তিন) বৎসর হইবে। বিশেষ প্রশাসনিক কারণে ৩ (তিন) বৎসরের পূর্বে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে পদায়ন করা যাইবে।

**৫.০ সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর ও অন্যান্য সংস্থায় প্রেষণে পদায়ন:**

৫.১ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত প্রেষণ সংক্রান্ত বিধি/ আদেশ/ নির্দেশনা অনুযায়ী প্রেষণে কর্মচারী পদায়ন করা হইবে।

**৬.০ লিয়েনে পদায়ন:**

৬.১ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক লিয়েন সংক্রান্ত প্রণীত বিধি অনুযায়ী লিয়েনে কর্মচারী পদায়ন করা হইবে। লিয়েন হইতে প্রত্যাবর্তনের পরে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মচারীকে উপযুক্ততা বিবেচনায় অগ্রাধিকারভিত্তিতে মাঠ প্রশাসনের পদে পদায়ন করা হইবে।

**৭.০ বিবিধ:**

৭.১ স্বামী-স্ত্রী চাকরিজীবী হইলে একই কর্মস্থলে বা নিকটবর্তী জেলা/উপজেলায় পদায়ন অগ্রাধিকারভিত্তিতে বিবেচনা করিতে হইবে;

৭.২ কর্মচারীর নিজের অথবা পিতামাতা/স্ত্রী/স্বামী/সন্তান এর দুরারোগ্য ব্যাধির ক্ষেত্রে সুষ্ঠু চিকিৎসার স্বার্থে সুবিধাজনক স্থানে পদায়ন করা যাইবে;

৭.৩ মাঠ প্রশাসন হইতে মাঠ প্রশাসন অথবা মাঠ প্রশাসন হইতে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর অথবা মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হইতে মাঠ প্রশাসনে পদায়নের ক্ষেত্রে অর্থ/পঞ্জিকা বৎসরের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা যাইবে।

**৮.০ অস্পষ্টতা দূরীকরণ:**

৮.১ এই নীতিমালার কোনো অনুচ্ছেদের বিষয়ে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হইলে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা/সিদ্ধান্ত গ্রহণ করিবে।

**৯.০ রহিতকরণ:**

৯.১ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারীগণের পদায়ন নীতিমালা, ২০২২ কার্যকর হইবার পর হইতে ০৯ নভেম্বর ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.২২.১০১.১৪-৫৪১ নম্বর প্রজ্ঞাপনমূলে জারীকৃত "বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের পদায়ন নীতিমালা" এবং "জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, টিএনও এবং মহানগর হাকিম হিসাবে কর্মকর্তা নির্বাচন/পদায়নের নীতিমালা, ১৯৯৭ (সংশোধিত ২০১০, ২০১৩, ২০১৫)" রহিত বলিয়া গণ্য হইবে;

৯.২ উপরোল্লিখিত নীতিমালাসমূহ রহিতকরণ সত্ত্বেও উক্ত নীতিমালা-সমূহের অধীন গৃহীত আদেশ, নির্দেশসমূহ এই নীতিমালার আওতায় গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

**পরিশিষ্ট-ক**

**পদায়নের জন্য জেলার শ্রেণিবিন্যাস:**

| বিভাগ | ক শ্রেণির জেলা | খ শ্রেণির জেলা | গ শ্রেণির জেলা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| খুলনা | কুষ্টিয়া, খুলনা, যশোর | ঝিনাইদহ, বাগেরহাট, মাগুরা | চুয়াডাঙ্গা, নড়াইল, মেহেরপুর, সাতক্ষীরা |
| চট্টগ্রাম | কক্সবাজার, কুমিল্লা, চট্টগ্রাম, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া | লক্ষ্মীপুর | খাগড়াছড়ি পার্বত্য জেলা, বান্দরবান পার্বত্য জেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ঢাকা | গাজীপুর, টাঙ্গাইল, ঢাকা, নরসিংদী, নারায়ণগঞ্জ, ফরিদপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ | কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী | শরীয়তপুর |
| বরিশাল | বরিশাল | পটুয়াখালী | ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, ভোলা |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | জামালপুর | নেত্রকোণা, শেরপুর |
| রংপুর | দিনাজপুর, রংপুর | নীলফামারী | কুড়িগ্রাম, গাইবান্ধা, ঠাকুরগাঁও, পঞ্চগড়, লালমনিরহাট |
| রাজশাহী | পাবনা, বগুড়া, রাজশাহী, সিরাজগঞ্জ | জয়পুরহাট, নওগাঁ, নাটোর | চাঁপাইনবাবগঞ্জ |
| সিলেট | মৌলভীবাজার, সিলেট | হবিগঞ্জ | সুনামগঞ্জ |
| **মোট** | **২৮ টি জেলা** | **১৫ টি জেলা** | **২১ টি জেলা** |

**পরিশিষ্ট-খ**

**পদায়নের জন্য উপজেলার শ্রেণিবিন্যাস:**

| জেলা | ক শ্রেণির উপজেলা | খ শ্রেণির উপজেলা | গ শ্রেণির উপজেলা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | **খুলনা বিভাগ** | | |
| কুষ্টিয়া | কুমারখালী, কুষ্টিয়া সদর, দৌলতপুর | মিরপুর | খোকসা, ভেড়ামারা |
| খুলনা | ডুমুরিয়া, পাইকগাছা, বটিয়াঘাটা | দিঘলিয়া, ফুলতলা, রূপসা | কয়রা, তেরখাদা, দাকোপ |
| চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সদর | আলমডাঙ্গা | জীবননগর, দামুড়হুদা |
| ঝিনাইদহ | কালিগঞ্জ, ঝিনাইদহ সদর, শৈলকুপা | মহেষপুর | কোটচাঁদপুর, হরিণাকুণ্ডু |
| নড়াইল | নড়াইল সদর | লোহাগড়া | কালিয়া |
| বাগেরহাট | ফকিরহাট, বাগেরহাট সদর | কচুয়া, মোল্লাহাট, মোড়েলগঞ্জ, মোংলা, রামপাল | চিতলমারী, শরণখোলা |
| মাগুরা | মাগুরা সদর | শালিখা, শ্রীপুর | মহম্মদপুর |
| মেহেরপুর | মেহেরপুর সদর | গাংনী | মুজিবনগর |
| যশোর | অভয়নগর, ঝিকরগাছা, যশোর সদর, শার্শা | কেশবপুর, মণিরামপুর | চৌগাছা, বাঘারপাড়া |
| সাতক্ষীরা | কলারোয়া, শ্যামনগর, সাতক্ষীরা সদর | আশাশুনি, তালা | কালিগঞ্জ, দেবহাটা |

**চট্টগ্রাম বিভাগ**

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| কক্সবাজার | উখিয়া, কক্সবাজার সদর, চকরিয়া, টেকনাফ, রামু | কুতুবদিয়া, পেকুয়া | ঈদগাঁও, মহেষখালী |
| কুমিল্লা | আদর্শ সদর, চান্দিনা, চৌদ্দগ্রাম, দাউদকান্দি, দেবীদ্বার, বরুড়া, মুরাদনগর, সদর দক্ষিণ | নাংগলকোট, বুড়িচং, ব্রাহ্মণপাড়া, মনোহরগঞ্জ, লাকসাম, লালমাই | তিতাস, মেঘনা, হোমনা |
| খাগড়াছড়ি পার্বত্য জেলা | | খাগড়াছড়ি সদর, মাটিরাঙ্গা | গুইমার, দীঘিনালা, পানছড়ি, মহালছড়ি, মানিকছড়ি, রামগড়, লক্ষ্মীছড়ি |
| চট্টগ্রাম | আনোয়ারা, পটিয়া, মীরসরাই, সীতাকুণ্ড, হাটহাজারী | কর্ণফুলী, চন্দনাইশ, ফটিকছড়ি, বাঁশখালী, বোয়ালখালী, রাউজান, রাঙ্গুনিয়া, লোহাগাড়া, সাতকানিয়া | সন্দ্বীপ |
| চাঁদপুর | চাঁদপুর সদর, শাহরাস্তি | কচুয়া, ফরিদগঞ্জ, মতলব উত্তর, মতলব দক্ষিণ, হাজিগঞ্জ | হাইমচর |
| নোয়াখালী | কোম্পানীগঞ্জ, নোয়াখালী সদর, বেগমগঞ্জ | কবিরহাট, চাটখিল, সেনবাগ, সোনাইমুড়ী | সুবর্ণচর, হাতিয়া |
| ফেনী | ফেনী সদর, সোনাগাজী | ছাগলনাইয়া, দাগনভূঞা, ফুলগাজী | পরশুরাম |
| বান্দরবান পার্বত্য জেলা | .. | বান্দরবান সদর, লামা | আলিকদম, থানছি, নাইক্ষ্যংছড়ি, রুমা, রোয়াংছড়ি |
| ব্রাহ্মণবাড়িয়া | আখাউড়া, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া সদর | কসবা, নবীনগর, বাঞ্ছারামপুর, সরাইল | নাসিরনগর, বিজয়নগর |
| রাঙ্গামাটি পার্বত্য জেলা | .. | কাপ্তাই, রাঙ্গামাটি সদর | কাউখালী, জুরাইছড়ি, ননিয়ারচর, বরকল, বাঘাইছড়ি, বিলাইছড়ি, রাজস্থলী, লংগদু |
| লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর সদর | রামগঞ্জ, রামগতি | কমলনগর, রায়পুর |

**ঢাকা বিভাগ**

| | | | |
|---|---|---|---|
| কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ সদর, ভৈরব | কটিয়াদী, করিমগঞ্জ, কুলিয়ারচর, বাজিতপুর | অষ্টগ্রাম, ইটনা, তাড়াইল, নিকলী, পাকুন্দিয়া, মিঠামইন, হোসেনপুর |
| গাজীপুর | কাপাসিয়া, কালিয়াকৈর, কালিগঞ্জ, গাজীপুর সদর, শ্রীপুর | .. | .. |
| গোপালগঞ্জ | গোপালগঞ্জ সদর, মকসুদপুর | কাশিয়ানী, কোটালীপাড়া, টুঙ্গীপাড়া | .. |
| টাঙ্গাইল | ঘাটাইল, টাঙ্গাইল সদর, মির্জাপুর, সখিপুর | কালিহাতী, দেলদুয়ার, নাগরপুর, বাসাইল, ভূঞাপুর, মধুপুর | গোপালপুর, ধনবাড়ী |
| ঢাকা | কেরাণীগঞ্জ, দোহার, ধামরাই, নবাবগঞ্জ, সাভার | .. | .. |
| নরসিংদী | নরসিংদী সদর, পলাশ, বেলাবো, মনোহরদী | রায়পুরা, শিবপুর | .. |
| নারায়ণগঞ্জ | আড়াইহাজার, নারায়ণগঞ্জ সদর, বন্দর, রূপগঞ্জ, সোনারগাঁ | .. | .. |
| ফরিদপুর | ফরিদপুর সদর, ভাংগা, সদরপুর | নগরকান্দা, বোয়ালমারী, মধুখালী | আলফাডাঙ্গা, চরভদ্রাসন, সালথা |
| মাদারীপুর | কালকিনি, মাদারীপুর সদর, শিবচর | রাজৈর | ডাসার |
| মানিকগঞ্জ | মানিকগঞ্জ সদর, শিবালয়, সিংগাইর | ঘিওর, সাটুরিয়া | দৌলতপুর, হরিরামপুর |
| মুন্সীগঞ্জ | গজারিয়া, মুন্সীগঞ্জ সদর, লৌহজং, শ্রীনগর, সিরাজদিখান | টঙ্গীবাড়ী | .. |
| রাজবাড়ী | রাজবাড়ী সদর | কালুখালী, গোয়ালন্দ, পাংশা, বালিয়াকান্দি | .. |
| শরীয়তপুর | শরীয়তপুর সদর | জাজিরা, নড়িয়া | গোসাইরহাট, ডামুড্যা, ভেদরগঞ্জ |

**বরিশাল বিভাগ**

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ঝালকাঠি | ঝালকাঠি সদর | নলছিটি | কাঠালিয়া, রাজাপুর |
| পটুয়াখালী | কলাপাড়া, পটুয়াখালী সদর, বাউফল | গলাচিপা, মির্জাগঞ্জ | দশমিনা, দুমকী, রাঙ্গাবালী |
| পিরোজপুর | পিরোজপুর সদর, ভাণ্ডারিয়া | নাজিরপুর, নেছারাবাদ, মঠবাড়ীয়া | ইন্দুরকানী, কাউখালী |
| বরগুনা | বরগুনা সদর | আমতলী | তালতলী, পাথরঘাটা, বামনা, বেতাগী |
| বরিশাল | গৌরনদী, বরিশাল সদর, বাবুগঞ্জ | আগৈলঝাড়া, উজিরপুর, বাকেরগঞ্জ, বানারীপাড়া | মুলাদী, মেহেন্দিগঞ্জ, হিজলা, |
| ভোলা | চরফ্যাশন, ভোলা সদর | তজুমদ্দিন, দৌলতখান, লালমোহন | বোরহানউদ্দিন, মনপুরা |

**ময়মনসিংহ বিভাগ**

| | | | |
|---|---|---|---|
| জামালপুর | জামালপুর সদর | ইসলামপুর, মাদারগঞ্জ, মেলান্দহ | দেওয়ানগঞ্জ, বক্সীগঞ্জ, সরিষাবাড়ী |
| নেত্রকোণা | নেত্রকোণা সদর | আটপাড়া, কেন্দুয়া, পূর্বধলা, মোহনগঞ্জ | কলমাকান্দা, খালিয়াজুরী, দূর্গাপুর, বারহাট্টা, মদন |
| ময়মনসিংহ | ত্রিশাল, ভালুকা, ময়মনসিংহ সদর, মুক্তাগাছা | ঈশ্বরগঞ্জ, গফরগাঁও, গৌরীপুর, তারাকান্দা, ফুলপুর, ফুলবাড়ীয়া | ধোবাউড়া, নান্দাইল, হালুয়াঘাট |
| শেরপুর | শেরপুর সদর | নকলা, নালিতাবাড়ী | ঝিনাইগাতি, শ্রীবরদী |

**রংপুর বিভাগ**

| | | | |
|---|---|---|---|
| কুড়িগ্রাম | কুড়িগ্রাম সদর | উলিপুর, নাগেশ্বরী, ভুরুঙ্গামারী, রাজারহাট | চিলমারী, ফুলবাড়ী রাজিবপুর, রৌমারী |
| গাইবান্ধা | গাইবান্ধা সদর, গোবিন্দগঞ্জ, পলাশবাড়ী | সাদুল্যাপুর, সুন্দরগঞ্জ | ফুলছড়ি, সাঘাটা |
| ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর | পীরগঞ্জ, রাণীশংকৈল | বালিয়াডাংগী, হরিপুর |
| দিনাজপুর | চিরিরবন্দর, দিনাজপুর সদর, ফুলবাড়ী, বিরল, বীরগঞ্জ | নবাবগঞ্জ, পার্বতীপুর, বিরামপুর, বোচাগঞ্জ | কাহারোল, খানসামা, ঘোড়াঘাট, হাকিমপুর |
| নীলফামারী | নীলফামারী সদর, সৈয়দপুর | জলঢাকা | কিশোরগঞ্জ, ডিমলা, ডোমার |
| পঞ্চগড় | পঞ্চগড় সদর | আটোয়ারী, তেঁতুলিয়া, বোদা | দেবীগঞ্জ |
| রংপুর | পীরগঞ্জ, মিঠাপুকুর, রংপুর সদর | কাউনিয়া, তারাগঞ্জ, পীরগাছা | গংগাচড়া, বদরগঞ্জ |
| লালমনিরহাট | লালমনিরহাট সদর | আদিতমারী, কালিগঞ্জ | পাটগ্রাম, হাতিবান্ধা |

**রাজশাহী বিভাগ**

| | | | |
|---|---|---|---|
| চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ সদর, শিবগঞ্জ | গোমস্তাপুর | নাচোল, ভোলাহাট |
| জয়পুরহাট | জয়পুরহাট সদর | আক্কেলপুর, পাঁচবিবি, ক্ষেতলাল | কালাই |
| নওগাঁ | নওগাঁ সদর, পত্নীতলা, মহাদেবপুর, মান্দা | ধামুইরহাট, নিয়ামতপুর, বদলগাছী, রাণীনগর | আত্রাই, পোরশা, সাপাহার |
| নাটোর | নাটোর সদর, সিংড়া | গুরুদাসপুর, বড়াইগ্রাম, লালপুর | নলডাঙ্গা, বাগাতিপাড়া |
| পাবনা | ঈশ্বরদী, চাটমোহর, পাবনা সদর | আটঘরিয়া, ভাঙ্গুড়া, সুজানগর | ফরিদপুর, বেড়া, সাঁথিয়া |
| বগুড়া | বগুড়া সদর, শাহজাহানপুর, শিবগঞ্জ, শেরপুর | আদমদীঘি, কাহালু, গাবতলী, দুপচাঁচিয়া, নন্দীগ্রাম | ধুনট, সারিয়াকান্দি, সোনাতলা |
| রাজশাহী | পবা, পুঠিয়া | দূর্গাপুর, বাগমারা, বাঘা, মোহনপুর | গোদাগাড়ী, চারঘাট, তানোর |
| সিরাজগঞ্জ | উল্লাপাড়া, শাহজাদপুর, সিরাজগঞ্জ সদর | কাজীপুর, কামারখন্দ, বেলকুচি, রায়গঞ্জ | চৌহালী, তাড়াশ |

**সিলেট বিভাগ**

| | | | |
|---|---|---|---|
| মৌলভীবাজার | বড়লেখা, মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল | কমলগঞ্জ, কুলাউড়া, রাজনগর | জুড়ী |
| সিলেট | ওসমানীনগর, গোলাপগঞ্জ, দক্ষিণ সুরমা, সিলেট সদর | কানাইঘাট, জকিগঞ্জ, জৈন্তাপুর, বিশ্বনাথ, বিয়ানীবাজার | কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট, ফেঞ্চুগঞ্জ, বালাগঞ্জ |
| সুনামগঞ্জ | ছাতক, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ সদর | জগন্নাথপুর, জামালগঞ্জ, দিরাই | তাহিরপুর, দোয়ারাবাজার, ধর্মপাশা, বিশ্বম্ভরপুর, মধ্যনগর, শাল্লা |
| হবিগঞ্জ | বাহুবল, মাধবপুর, হবিগঞ্জ সদর | চুনারুঘাট, নবীগঞ্জ, বানিয়াচং | আজমিরীগঞ্জ, লাখাই, শায়েস্তাগঞ্জ |

**পরিশিষ্ট-গ**

**পার্বত্য/নবসৃষ্ট/হাওর/দ্বীপ/চর/সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম উপজেলাসমূহ:**

| জেলা | উপজেলা |
|---|---|
| **পাব্যত্য উপজেলা** | |
| খাগড়াছড়ি পার্বত্য জেলা | সকল উপজেলা |
| বান্দরবান পার্বত্য জেলা | সকল উপজেলা |
| রাঙ্গামাটি পার্বত্য জেলা | সকল উপজেলা |
| **নবসৃষ্ট উপজেলা** | |
| কক্সবাজার | ঈদগাঁও |
| মাদারীপুর | ডাসার |
| সুনামগঞ্জ | মধ্যনগর |
| হবিগঞ্জ | শায়েস্তাগঞ্জ |
| **হাওর উপজেলা** | |
| কিশোরগঞ্জ | অষ্টগ্রাম, ইটনা, নিকলী, মিঠামইন |
| নেত্রকোণা | খালিয়াজুরী, মদন |
| সুনামগঞ্জ | জামালগঞ্জ, তাহিরপুর, দোয়ারাবাজার, ধর্মপাশা, বিশ্বম্ভরপুর, মধ্যনগর, শাল্লা |
| হবিগঞ্জ | আজমিরীগঞ্জ, লাখাই |
| **দ্বীপ উপজেলা** | |
| কক্সবাজার | কুতুবদিয়া, মহেশখালী |
| চট্টগ্রাম | সন্দ্বীপ |
| নোয়াখালী | হাতিয়া |
| ভোলা | মনপুর |
| **চর উপজেলা** | |
| কুড়িগ্রাম | রাজীবপুর, রৌমারী |
| ফরিদপুর | চরভদ্রাসন |
| মানিকগঞ্জ | দৌলতপুর |
| সিরাজগঞ্জ | চৌহারী |
| **সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম উপজেলা** | |
| কক্সবাজার | উখিয়া, টেকনাফ |
| খুলনা | কয়রা, দাকোপ |
| পটুয়াখালী | গলাচিপা, রাঙ্গাবালী |
| পিরোজপুর | মঠবাড়ীয়া |
| বরগুনা | তালতলী, পাথরঘাটা |
| বরিশাল | মেহেন্দিগঞ্জ, হিজলা |
| বাগেরহাট | শরণখোলা |
| ভোলা | চরফ্যাশন |
| লক্ষ্মীপুর | রামগতি |
| সাতক্ষীরা | আশাশুনি, শ্যামনগর |

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১৯.২০২২.১২৬**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ শাহাবুদ্দিন (২১৬৬৩), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ২৩-০৮-২০১৪ খ্রিষ্টাব্দ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশ তাঁর বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলেও স্থায়ী ঠিকানা থেকে কারণ দর্শানো নোটিশটি প্রাপক বাড়িতে না থাকায় ফেরত আসে। গত ২২-০৮-২০১৯ খ্রিষ্টাব্দে তাঁর অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ এ উল্লেখ আছে যে, একজন সরকারি কর্মকর্তা ছুটি অথবা ছুটি ব্যতীত একনাগাড়ে ০৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর চাকরির অবসান (Ceases to be in Government employ) হবে;

যেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মোহাম্মদ শাহাবুদ্দিনকে চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে এবং মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ শাহাবুদ্দিন (২১৬৬৩), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ২২-০৮-২০১৯ খ্রিষ্টাব্দ হতে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দীক**
সচিব।

---

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**কারিগরি শাখা-০৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ পৌষ ১৪২৯/২০ ডিসেম্বর ২০২২

**নং ৫৭.০০.০০০০.০৫৪.২৭.০০৪.২২.২৪০**—জনাব মোঃ তৌহিদুল্লাহ খান, ইন্সট্রাক্টর (ড্রেসমেকিং এ্যান্ড টেইলারিং) (বিভাগীয় মামলায় শাস্তিপ্রাপ্ত), গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুযায়ী ১৮-১০-২০২২ তারিখে তাঁকে "০১ (এক) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" নামীয় লঘুদণ্ড প্রদান করে প্রজ্ঞাপন জারি করা হয়। তাঁর সাময়িক বরখাস্তের আদেশটি ১৮-১০-২০২২ তারিখ হতে নির্দেশক্রমে প্রত্যাহার করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মুহাম্মদ আব্দুস সালাম**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ পৌষ ১৪২৯/২০ ডিসেম্বর ২০২২

**নং ৫৭.০০.০০০০.০৫৪.২৭.০০৩.২২.২৪১**—জনাব মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে "০১ (এক) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" নামীয় লঘুদণ্ড প্রদান করা হয়। তাঁর সাময়িক বরখাস্তের আদেশটি ১৮-১০-২০২২ তারিখ হতে নির্দেশক্রমে প্রত্যাহার করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুস সালাম**
উপসচিব।

---

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**হজ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ পৌষ ১৪২৯/২৯ ডিসেম্বর ২০২২

**নং ধবিম/হুশা/৪-৩৮৮/২০১৩-১৪০২**—যেহেতু আপনি জনাব হাফিজুর রহমান ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী প্রতিষ্ঠান ছাবিলুল জান্নাত এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১৪০)-এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী প্রেরণ বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু হজযাত্রীগণকে ফ্লাইটের দুটি তারিখ নির্ধারণ করেও হজে পাঠাতে ব্যর্থ হয়েছেন;

০৪। যেহেতু বর্ণিত হজযাত্রীগণ আপনার এজেন্সির বিরুদ্ধে অভিযোগ দাখিল করেছেন;

০৫। যেহেতু এ বিষয়ে আপনাকে ২৬-০৬-২০২২ খ্রি তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

০৬। যেহেতু আপনি গত ১৫-০৭-২০২২ খ্রি তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন; এবং

০৭। যেহেতু আপনি গত ০৩-১১-২০২২ খ্রি তারিখে তদন্ত কমিটির নিকট হাজির হয়ে মৌখিক ও লিখিত জবাব প্রদান করেছেন;

০৮। যেহেতু হজযাত্রীরা পরবর্তীতে সুষ্ঠুভাবে হজ পালন করতে পেরেছেন তবে গমনকৃত ফ্লাইটটি ছিল অতিরিক্ত। বর্ণিত ফ্লাইটটি দেয়া না হলে হজযাত্রীগণ হজে যেতে পারতেন না;

০৯। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও শাস্তির কারণসমূহ বিদ্যমান;

১০। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২(ঠ) মোতাবেক ১৩ (চ) অনুযায়ী আপনার পরিচালিত ছাবিলুল জান্নাত এয়ার ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১৪০)-কে সতর্ক করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস.এম. মনিরুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**প্রকল্প বাস্তবায়ন-১ শাখা**

**অফিস আদেশ**

তারিখ: ০৪ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৭৫.০২.০০২.২০২১.৩৪৫**—অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, মিরপুর-১৪, ঢাকা এর জনাব বিপ্লব বিজয় হালদার, রেজিষ্ট্রার (হোমিওপ্যাথিক) এর বিরুদ্ধে ভক্ত দাস, পিতা মৃত: পরিক্ষিত দাস, মাতা: সরজনি দাস, স্থায়ী ঠিকানা: কল্যাণী, থানা: দিরাই, জেলা: সুনামগঞ্জ ৩০৬ পেনাল কোর্ট ১৮৬০ আত্মহত্যা প্ররোচনা দানের অপরাধে ফৌজদারী বিধান ১৫৪ ধারায় ধর্তব্য অপরাধে কাফরুল থানায় ২৫৩/২২ মামলা দায়ের করেন। উক্ত মামলায় পুলিশ কর্তৃক ২৯-০৮-২০২২ তারিখ গ্রেফতার করে ৩০-০৮-২০২২ হতে ০৫-০৯-২২ পর্যন্ত জেল হাজতে ছিল। পরবর্তীতে অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিষ্ট্রেট, সিএমএম কোর্ট, ঢাকা কর্তৃক আদেশ নামায় জামিনে রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, নিয়োগপত্রে উল্লিখিত ৪ নং শর্ত এবং বাংলাদেশ সার্ভিস রুলস এর ৭৩ এর বিধি অনুযায়ী গ্রেফতার হওয়ার তারিখ ২৯-০৮-২০২২ হতে তাকে সাময়িক বরখাস্ত করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস এর ৭১ নং বিধির বিধান মোতাবেক তার মূল বেতনের ৫০% হারে খোরপোষ ভাতা এবং প্রচলিত বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশে জারি করা হলো এবং ইহা গ্রেফতার হওয়ার তারিখ ২৯-০৮-২০২২ হতে কার্যকর হবে।

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৭ পৌষ ১৪২৯/২২ ডিসেম্বর ২০২২

**নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০৬৯.১৭.১২৯**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ এর উপ-ধারা (৪), উপ-ধারা (৩) (খ) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন নিম্নতম মজুরি হার সুপারিশ করিবার জন্য "টি গার্ডেন" শিল্প সেক্টরে শ্রমিক পক্ষের প্রতিনিধিত্ব করিবার উদ্দেশ্যে নিম্নবর্ণিত ব্যক্তিকে এতদ্বারা নিম্নতম মজুরী বোর্ডের সদস্য নিয়োগ করিল, যথা:—

(ক) শ্রমিকগণের প্রতিনিধিত্ব করিবার জন্য

পংকজ আউলেসিয়োস কন্দ

পদবি: সহ-সভাপতি, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন, রেজিঃ নং: বি-৭৭, লেবার হাউজ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার, স্থায়ী ঠিকানা: গ্রাম/রাস্তা: লাখাইছড়া চা বাগান, বালিশিরা, ডাকঘর: কালিঘাট-৩২১২, থানা: শ্রীমঙ্গল, জেলা: মৌলভীবাজার, বর্তমান ঠিকানা: গ্রাম: লাখাইছড়া চা বাগান, ডাকঘর: কালিঘাট-৩২১২, থানা: শ্রীমঙ্গল, জেলা: মৌলভীবাজার, মোবাইল নম্বর: ০১৭১৬-৪৬৫৬৬৫, জাতীয় পরিচয়পত্র নং: ৫৮১৮৩৩৮২১৪০৬৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ পৌষ ১৪২৯/২৯ ডিসেম্বর ২০২২

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.১৭২.২২-৪৯৬**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৭৮২৭ মেজর মোঃ মহসিউল হাসান ভূইয়া আদনান, পদাতিক-কে আর্মি এ্যাক্ট সেকশন-১৬, আর্মি এ্যাক্ট রুল্‌স্ ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রতিষ্ঠান অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯/২৭ নভেম্বর ২০২২

**নং ৪১.০০.০০০০.০৩২.৩১.০০২.২১.১৭৬**—শিশু আইন, ২০১৩ এর ধারা ৭ এর উপধারা (১) অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'জাতীয় শিশু কল্যাণ বোর্ড' গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | .. | সভাপতি |
| ২ | সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি | .. | সদস্যবৃন্দ |
| ৩ | বেগম শবনম জাহান, সংসদ সদস্য, ৩০৩ মহিলা আসন-৩ | .. | ,, |

| | | | |
|---|---|---|---|
| ৪ | বেগম রওশন আরা মান্নান, সংসদ সদস্য, ৩৪৭ মহিলা আসন-৪৭ | .. | সদস্যবৃন্দ |
| ৫ | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | .. | ” |
| ৬ | ডিআইজি (ক্রাইম ম্যানেজমেন্ট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা | .. | ” |
| ৭ | যুগ্মসচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | .. | ” |
| ৮ | যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | ” |
| ৯ | যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | .. | ” |
| ১০ | যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | ” |
| ১১ | যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | ” |
| ১২ | যুগ্মসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | .. | ” |
| ১৩ | যুগ্মসচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | .. | ” |
| ১৪ | যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | .. | ” |
| ১৫ | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর | .. | ” |
| ১৬ | বিভাগীয় কমিশনার, ঢাকা | .. | ” |
| ১৭ | মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | .. | ” |
| ১৮ | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | .. | ” |
| ১৯ | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | .. | ” |
| ২০ | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | .. | ” |
| ২১ | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | .. | ” |
| ২২ | পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | .. | ” |
| ২৩ | সভাপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি বা তদকর্তৃক মনোনীত উহার কার্যনির্বাহী কমিটির ১(এক) জন প্রতিনিধি | .. | ” |
| ২৪ | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | .. | ” |
| ২৫ | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী | .. | ” |
| ২৬ | জনাব কামরুন্নেছা দীনা, সভাপতি, কামরুন্নেছা আশরাফ বুদ্ধি প্রতিবন্ধী ও অটিজম বিদ্যালয়, জয়নগর, নেত্রকোনা | .. | ” |
| ২৭ | ডাঃ মাখদুমা নার্গিস, সভাপতি, বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ, ২২/১, তোপখানা রোড, ঢাকা-১০০০ | .. | ” |
| ২৮ | জনাব গোলাম কিবরিয়া, সিনিয়র ম্যানেজার (শিক্ষা), এডুকো বাংলাদেশ | .. | ” |
| ২৯ | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | .. | সদস্য-সচিব |

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদা ইয়াছমিন**
সহকারী সচিব।

**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**লিগ্যাল অ্যাফেয়ার্স অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ ডিসেম্বর ২০২২

**নং ১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৫.২১-১৬২**—যেহেতু পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুস সাত্তার এর বিরুদ্ধে সরকারি চাকরির শৃঙ্খলা পরিপন্থী আচরণের অভিযোগ উত্থাপিত হওয়ার প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা বরাবর প্রেরিত অভিযোগমনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হলে তিনি লিখিত জবাব প্রদান করেন এবং কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের নিমিত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক মন্ত্রণালয়ের সহকারী সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে তার দাখিলকৃত প্রতিবেদনে সার্বিক পর্যালোচনান্তে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন,

সেহেতু, জনাব মোঃ আব্দুস সাত্তার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে একই বিধিমালার বিধি ৪(৫)(গ) এর আলোকে ২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯/১৩ ডিসেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০৭.২২-২২৬**—যেহেতু, ড. মোঃ আল-মামুনুল আনছারী (বিপি-৭২০১০২০৮৯৩), বিশেষ পুলিশ সুপার, সিআইডি, মেহেরপুর ও ইতোপূর্বে বিশেষ পুলিশ সুপার,

সিআইডি, ময়মনসিংহ হিসেবে কর্মকালে তার অধীনস্থ পুলিশ সদস্যদেরকে দিয়ে বিধি বহির্ভূতভাবে নিয়মিত গৃহস্থলির কাজ করানো, শারীরিক নির্যাতন করা এবং গ্রামের বাড়ি দেখাশোনা করার কাজে নিয়োজিত করার অভিযোগে গত ৩১-০১-২০২২ তারিখ ১২১ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তদপ্রেক্ষিতে তিনি গত ২৭-০৯-২০২২ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। অভিযুক্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২২-০২-২০২২ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

০২। সেহেতু, ড. মোঃ আল-মামুনুল আনছারী (বিপি-৭২০১০২০৮৯৩), বিশেষ পুলিশ সুপার, সিআইডি, মেহেরপুর ও ইতোপূর্বে বিশেষ পুলিশ সুপার, সিআইডি, ময়মনসিংহ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচানায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগের সত্যতা প্রতীয়মান হওয়ায় একই বিধিমালার ৪(২) এর (১)(ক) উপবিধি অনুযায়ী তাকে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত ও আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৩ পৌষ ১৪২৯/২৮ ডিসেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩১.২০২১-৪৬১**—যেহেতু, জনাব মোঃ মোস্তফা মঞ্জুর (বিপি-৮৫১৪১৬৬২৬৯), অতিরিক্ত পুলিশ সুপার (সাময়িক বরখাস্ত), এপিবিএন স্পেশালাইজড ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি ইতোপূর্বে একই কর্মস্থলে থাকাকালে তার স্ত্রী ডাঃ লাবনী আক্তার নারী ও শিশু নির্যাতন দমন, ট্রাইব্যুনাল-৩, ঢাকায় নারী ও শিশু মামলা নং-৪৪১/২০ দায়ের করেন। তার স্ত্রী কর্তৃক দায়েরকৃত মামলায় গত ২৪-১১-২০২০ তারিখ ট্রাইব্যুনালে হাজির হয়ে জামিনে মুক্তি লাভ করেন। তিনি বিষয়টি যথাসময়ে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত না করে তথ্য গোপন করার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করেন। তার অনুরোধের পরিপ্রেক্ষিতে গত ২০-১১-২০২২ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

সেহেতু, জনাব মোঃ মোস্তফা মঞ্জুর (বিপি-৮৫১৪১৬৬২৬৯), অতিরিক্ত পুলিশ সুপার (সাময়িক বরখাস্তকৃত), এপিবিএন স্পেশালাইজড ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি ইতোপূর্বে একই কর্মস্থলে থাকাকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, কৈফিয়ত তলবের জবাব, উভয়পক্ষের বক্তব্য, প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অভিযোগের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ২(ক) অনুযায়ী তাকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো। একই সাথে এ বিভাগের গত ০৯-০৬-২০২২ তারিখের ১২৭ নম্বর প্রজ্ঞাপনমূলে তার সাময়িক বরখাস্তের আদেশটি বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১, বিধি ৭৩ মোতাবেক প্রত্যাহার করা হলো এবং তার সাময়িক বরখাস্তকাল কর্তব্য কাল হিসেবে গণ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৪ পৌষ ১৪২৯/১৯ ডিসেম্বর ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৭০৯**—আগামী ২৭ ডিসেম্বর ২০২২ তারিখ রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এ বিভাগের রাজনৈতিক অধিশাখা-৬ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৫-৫৩৭, তারিখঃ ১৯-১২-২০২২ খ্রি. মূলে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-১৮ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র বহন ও প্রদর্শন নিষিদ্ধকরণের নিমিত্ত The Arms Act, 1878 (Act XI of 1878) এর ধারা ১৭(ক)(১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারি করল:

> "সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ২৫ ডিসেম্বর ২০২২ তারিখ ভোর ০৬.০০ টা হতে ২৯ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত রাত ১২.০০ টা পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল নিষিদ্ধ থাকবে।"

২। যারা এ আদেশ লংঘন করবে তাদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহে এলিদ মাইনুল আমিন**
উপসচিব।

**সুরক্ষা সেবা বিভাগ**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/১৮ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.৩৪.০০১.২২-২০২**—কারা বিধি ১ম খন্ডের ৫৬৯ নং বিধি এবং আইন ও বিচার বিভাগের মতামত মোতাবেক ২০ বছর বা তদূর্ধ্বকাল দণ্ড ভোগকারী নিম্নবর্ণিত ০২(দুই) জন কয়েদির অবশিষ্ট দণ্ড (জরিমানা দণ্ড ব্যতীত) ফৌজদারি কার্যবিধি ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতবলে সরকার কর্তৃক মওকুফ করা হলো:

| ক্রঃ নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম ও বয়স | মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|---|
| ১ | কয়েদি নং-৯৯৩৫/এ<br>রাহিদ হাসান সুমন @সুমন<br>পিতা-সুলতান আহম্মেদ<br>বয়স ৫৪ বছর | দ্রুত বিচার ট্রাইব্যুনাল মামলা নং-০৪/০২ | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ |
| ২ | কয়েদি নং-৪৫৪৬/এ<br>মোঃ ফয়সাল আলম আনসারী (দ্বৈত আমেরিকা-বাংলাদেশ নাগরিক) পিতা-নুরুন্নবী আনসারী, বয়স ৫৬ বছর | মেট্রো: দায়রা মামলা নং-১৯৭৩/২০০০ | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ |

২। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৬ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১০.২০-৮০৫**—নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন)-কে অভিযোগের ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৪-০২-২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১০.২০-১০৮ নম্বর স্মারকে তাকে স্বীয় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন (রিট পিটিশন নং-৯৯৮২/২০২১) দায়ের করেন। বিজ্ঞ আদালতের ২৪-০২-২০২২ তারিখের আদেশের প্রেক্ষিতে নরসিংদী জেলার বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন)-কে অপসারণ সংক্রান্ত ১৪-০২-২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১০.২০-১০৮ নম্বর প্রজ্ঞাপনটি বাতিল করা হলো এবং তাকে বেলাব উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে পুনর্বহাল করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সামছুল হক**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]**

**ভূমি মন্ত্রণালয়**

**মাঠ প্রশাসন-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ: ২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৭ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৮.২১.৪৯৩**—নির্দেশিত হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১০ বৈশাখ ১৪২৫/২৩ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ৭ম সভার (১) নম্বর সিদ্ধান্ত, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-১ এর গত ৩০-০৫-২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৮.১২(অংশ)-১২৪ নম্বর অফিস স্মারক এবং ০৬-০৭-২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৮.১২ (অংশ)-১৫৫ নম্বর স্মারক মোতাবেক ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ইউনিয়ন/পৌর ভূমি অফিসের ইউনিয়ন

ভূমি সহকারী কর্মকর্তা (প্রাক্তন তহশীলদার) এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (প্রাক্তন সহকারী তহশীলদার) গণের বেতনস্কেল নিম্নরূপভাবে উন্নীতকরণে সরকারের মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রম | পদের নাম | উন্নীত পদমর্যাদা, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | নিয়োগের শর্ত/যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (প্রাক্তন তহশীলদার) | দ্বিতীয় শ্রেণি<br>টাঃ ১২৫০০—৩০২৩০ (গ্রেড-১১) | ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০২১ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২ | ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (প্রাক্তন সহকারী তহশীলদার) | দ্বিতীয় শ্রেণি<br>টাঃ ১১৩০০—২৭৩০০ (গ্রেড-১২) | |

০২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

০৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ (জি.ও) জারি করা হলো।

**মোছাম্মাৎ মমতাজ বেগম**
উপসচিব।